

ফতওয়া নং ৩৪১

প্রশ্ন:

হযরত ইফতারির আগে দোয়া করা যাবে কি? আর যদি না করা যায় তাহলে সেটা কেন ?

উত্তর:

ইফতারের আগে দুআ করলে সে দুআ রদ করা হয় না, এ কথা হাদীস দ্বারা প্রমাণিত। অতএব, কেউ জরুরী মনে না করে ব্যক্তিগত ভাবে দুআ করলে তা না জাইয হওয়ার কোনো কারণ নেই। তবে সমষ্টিগত ভাবে দুআ করা প্রমাণিত নয়।

আবদুল্লাহ বিন আমর ইবনুল আস (রাঃ) থেকে বর্ণিত:

রসূলুল্লাহ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ ইফতারের সময় রোযাদারের অবশ্যই একটি দুআ আছে, যা রদ হয় না (কবুল হয়)। (ইবনে মাজাহ্, হাদীস নং ১৭৫৩)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

২৮ শে রমাযান, ১৪৪৫ হিজরী (07/04/2024)